

■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭]

১/ কিতাবুল ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৬/ আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি এবং (দ্বীনের অনুশাসনের) প্রতি ঈমান আনার নির্দেশ এবং তাঁর প্রতি মানুষকে আহবান করা, দ্বীন সম্বন্ধে (জানার জন্য) প্রাপ্ত করা ও তা সংরক্ষণ, আর যার কাছে দ্বীন পৌঁছায়নি, তাঁর কাছে দ্বীনের দাওয়াত পেশ করা প্রসঙ্গ।

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٌ بْنُ أَبِي شَيْبَةَ، وَمُحَمَّدُ بْنُ الْمُتَّهَّنِ، وَمُحَمَّدُ بْنُ بَشَّارٍ، وَالْفَاظُهُمْ، مُتَقَارِبَةُ
- قَالَ أَبُو بَكْرٌ حَدَّثَنَا غُنْدَرٌ، عَنْ شُعْبَةَ، وَقَالَ الْآخَرَانِ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا
شُعْبَةُ، - عَنْ أَبِي جَمْرَةَ، قَالَ كُنْتُ أَتْرَجِمُ بَيْنَ يَدِي أَبْنَ عَبَّاسٍ وَبَيْنَ النَّاسِ فَأَتَتْهُ امْرَأَةٌ
تَسْأَلُهُ عَنْ نَبِيِّ الْجَرِّ، فَقَالَ إِنَّ وَفْدَ عَبْدِ الْقَيْسِ أَتَوْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ
فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "مَنِ الْوَفْدُ أَوْ مَنِ الْقَوْمُ" . قَالُوا رَبِيعَةُ . قَالَ "
مَرْحَبًا بِالْقَوْمِ أَوْ بِالْوَفْدِ غَيْرَ خَرَائِيَا وَلَا النَّدَامِيِّ" . قَالَ فَقَالُوا يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَأْتَيْكَ
مِنْ شُقَّةٍ بَعِيدَةٍ وَإِنَّ بَيْنَنَا وَبَيْنَكَ هَذَا الْحَيَّ مِنْ كُفَّارَ مُضَرَّ وَإِنَّا لَا نَسْتَطِعُ أَنْ نَأْتَيْكَ إِلَّا
فِي شَهْرِ الْحَرَامِ فَمَرْنَا بِأَمْرٍ فَصَلِّ نُخْبِرْ بِهِ مَنْ وَرَأَنَا نَدْخُلُ بِهِ الْجَنَّةَ . قَالَ فَأَمَرَهُمْ
بِأَرْبَعٍ وَنَهَاهُمْ عَنْ أَرْبِعٍ . قَالَ أَمَرَهُمْ بِالإِيمَانِ بِاللَّهِ وَحْدَهُ . وَقَالَ "هَلْ تَدْرُونَ مَا الْإِيمَانُ
بِاللَّهِ" . قَالُوا اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ . قَالَ "شَهَادَةُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ
وَإِقَامُ الصَّلَاةِ وَإِيتَاءُ الزَّكَةِ وَصَوْمُ رَمَضَانَ وَأَنْ تُؤْدِوا خُمُسًا مِنَ الْمَغْنِمِ" . وَنَهَاهُمْ
عَنِ الدُّبَاءِ وَالْحَنْتِ وَالْمُرْفَتِ . قَالَ شُعْبَةُ وَرِيمًا قَالَ النَّقِيرِ . قَالَ شُعْبَةُ وَرِيمًا قَالَ
الْمُقَيْرِ . وَقَالَ "احْفَظُوهُ وَأَخْبِرُوا بِهِ مِنْ وَرَائِكُمْ" . وَقَالَ أَبُو بَكْرٌ فِي رِوَايَتِهِ "مَنْ
وَرَأَكُمْ" وَلَيْسَ فِي رِوَايَتِهِ الْمُقَيْرِ .

বাংলা

২৪। আবু বকর ইবনু আবু শায়বা ও মুহাম্মাদ ইবনু মুসান্না এবং মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ... আবু জামরা (রহঃ) থেকে বর্ণনা করেন। তিনি বলেন, আমি আবদুল্লাহ ইবনু আব্রাহাম (রাঃ)-এর কথা লোকদের বোঝাবার

দায়িত্ব পালন করতাম। একজন স্ত্রীলোক তাঁর কাছে এসে কলসির নবীয় সম্পর্কে জানতে চাইল। ইবনু আব্রাস (রাঃ) বললেন, আবদুল কায়স গোত্রের এক প্রতিনিধি দল রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে হায়ির হলে, তিনি জিজ্ঞেস করলেন, প্রতিনিধি দলটি কারা? অথবা বললেন, লোকগুলো কারা? তারা বলল- আমরা রাবী'আ গোত্রের। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের অভ্যর্থনা জানিয়ে বললেন, তোমরা অপমানিত ও লাঞ্ছিত হওয়ার আগেই এসেছ বলে মুবারকবাদ।

রাবী বলেন- তারা বলল, হে আল্লাহর রাসুল আমরা বহু দূর থেকে আপনার খিদমতে হায়ির হয়েছি। আমাদের ও আপনার মধ্যে কাফির মুঘার গোত্র বিদ্যমান। আমরা শাহরুল হারাম ব্যতীত আপনার কাছে নিরাপদে পৌছতে অপারগ। সুতরাং আপনি আমাদের ইসলামের সুস্পষ্ট বিধান সম্পর্কে নির্দেশ দান করুন, যেন আমরা আমাদের পশ্চাতের লোকজনকে তা অবহিত করতে পারি এবং তদন্ত্যায়ী আমল করে আমরা জানাতে প্রবেশ করতে পারি।

বর্ণনাকারী বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন তাদের চারটি বিষয় পালনের নির্দেশ দিলেন এবং চারটি বিষয় থেকে নিষেধ করলেন। এক আল্লাহর প্রতি ঈমান আনা কী? আরয় করলেন, আল্লাহ ও তার রাসুল(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এ বিষয়ে ভাল জানেন।

রাসুল(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এ সাক্ষ্য দেওয়া যে, আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসুল আর তোমরা সালাত (নামায/নামাজ) কায়েম করবে, যাকাত দিবে, রামাযানের রোয়া পালন করবে এবং গনীমত-লক্ষ সামগ্রীর এক-পঞ্চমাংশ দান করবে।

তিনি তাদের চারটি বিষয়ে বিরত থাকার নির্দেশ দেন। তা হচ্ছে- দুর্বা, হানতাম, মুযাফফাত। চতুর্থটি সমক্ষে শু'বা বলেন, এরপর রাবী কখনো 'নাকির' কখনোবা 'মুকায়্যার' শব্দ উল্লেখ করেছেন।* রাসুল(সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, এসব বিধান হিফাজত করবে এবং যারা আসেনি তাদের তা জানিয়ে দিবে।

আবু বকর (রহঃ)-এর রিওয়ায়েতে **مَنْ وَرَاءَ كُمْ** (যারা আসেনি) কথাটি রয়েছে **كِسْتِ الْمُفَيَّرْمَ** শব্দটি নেই।

English

Abu Jamra reported:

I was an interpreter between Ibn Abbas and the people, that a woman happened to come there and asked about nabidh or the pitcher of wine. He replied: A delegation of the people of 'Abdul-Qais came to the Messenger of Allah (ﷺ). He (the Holy Prophet) asked the delegation or the people (of the delegation about their identity). They replied that they belonged to the tribe of Rabi'a. He (the Holy Prophet) welcomed the people or the delegation which were neither humiliated nor put to shame. They (the members of the delegation) said: Messenger of Allah, we come to you from a far-off distance

and there lives between you and us a tribe of the unbelievers of Mudar and, therefore, it is not possible for us to come to you except in the sacred months. Thus direct us to a clear command, about which we should inform people beside us and by which we may enter heaven. He (the Holy Prophet) replied: I command you to do four deeds and forbid you to do four (acts), and added: I direct you to affirm belief in Allah alone, and then asked them: Do you know what belief in Allah really implies? They said: Allah and His Messenger know best. The Prophet said: It implies testimony to the fact that there is no god but Allah, and that Muhammad is the messenger of Allah, establishment of prayer, payment of Zakat, fast of Ramadan, that you pay one-fifth of the booty (fallen to your lot) and I forbid you to use gourd, wine jar, or a receptacle for wine. Shu'ba sometimes narrated the word naqir (wooden pot) and sometimes narrated it as muqayyar. The Prophet also said: Keep it in your mind and inform those who have been left behind.

ফুটনোট

* আলকাতরা জাতীয় পদার্থের প্রলেপ দেওয়া পাত্র।

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: আবু জামরাহ নাসর ইবনু 'ইমরান যুবায়ী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=7815>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন